গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৮.১৯- ৮০৯

তারিখ : ২৯ মাঘ ১৪২৬ ব:
১২ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:

বিষয় : "দেশের গুরুত্বপূর্ণ ১৫৬টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের গুরুত্বপূর্ণ ১৫৬টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা গত ০৪/০২/২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

12/02/2020
(মো: আতাউর রহমান)
যুগ্ম সচিব
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৫. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. বিভাগীয় প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. প্রকল্প পরিচালক, "দেশের গুরুত্বপূর্ণ ১৫৬টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৫. পরিচালক (উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৪, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।
৫. মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উন্নয়ন অনুবিভাগ
পরিকল্পনা শাখা-১

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের গুরুত্বপূর্ণ ১৫৬টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ০৪ ফেব্রুয়ারি ২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রত্যেকটি প্রকল্পের সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়নপূর্বক সে মোতাবেক প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা প্রয়োজন।

০২। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব জানান যে, "দেশের গুরুত্বপূর্ণ ১৫৬টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মূল উদ্দেশ্য হলো-যে কোন দুর্যোগে প্রথম সাড়াদানকারী প্রতিষ্ঠান হিসেবে ১৫৬টি উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন প্রতিষ্ঠার মাধ্যমে অগ্নিকান্ডসহ প্রাকৃতিক ও মানবসৃষ্ট সকল দুর্যোগ মোকাবেলা, উদ্ধার ও প্রাথমিক সেবা প্রদান কার্যক্রম জোরদার করা। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১২৫৭৯৯.৮৬ লক্ষ টাকা এবং বর্তমান মেয়াদ জুলাই'২০১২ হতে জুন'২০২০ পর্যন্ত।

০৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, এ প্রকল্পের আওতাধীন ১৫৬টির মধ্যে ৪৮ টির পূর্ত কাজ সমাপ্ত হয়েছে। এর মধ্যে ৪৭টি স্টেশন [মনপুরা, তারাগঞ্জ, হাতিবান্ধা, ধনবাড়ী, বালিয়াকান্দি, ঝিনাইগাতী, চিরিরবন্দর, সুত্রাপুর, সালথা, গোয়ালন্দ, সদরপুর, বেলাব, নান্দাইল, ধোবাউড়া, শ্রীবরদী, সরাইল, রায়পুর, কমলনগর, সুবর্ণচর, রোয়াংছড়ি, হাতিয়া, লক্ষীছড়ি, কাহালু, নন্দীগ্রাম, ভোলাহাট, কামারখন্দ, দক্ষিণ সুনামগঞ্জ, কাহারোল, বিরল, নবাবগঞ্জ, ঘোড়াঘাট-দিনাজপু, আদিতমারী, ফুলছড়ি, সাঘাটা, নাসিরনগর, মহেশপুর, বামনা, বেতাগী, দশমিনা, শ্রীপুর, বুড়িচং, খানসামা, রাণীসংকৈল, হরিপুর, তাড়াশ,গংগাচড়া, বকশীগঞ্জ] চালু করা হয়েছে এবং সাদুল্লাপুর স্টেশন চালুর অপেক্ষায় আছে। এছাড়া, ২৩টি [নবীনগর (১০০%),সন্দ্বীপ (৯৯%), রাজনগর (৯৯%), ফুলবাড়ী (১০০%),শাহজাহানপুর (৯৯%),আদমদিঘী (৯৯%), ক্ষেতলাল (৯৯%), মোহনপুর (১০০%), পোরশা (৯৯%), রাণীনগর (৯৯%), বদলগাছী (৯৯%), নাচোল (৯৫%), আটঘরিয়া (১০০%),আশাশুনি (৯৯%), কলারোয়া (৯৯%), করিমগঞ্জ (৯৯%), মিঠামইন (৯৯%), চরভদ্রাসন (৯৫%), জাজিরা (৯৯%),পুর্বধলা (৯৯%), বারহাট্টা (৯৯%), হিজলা (৯৮%), হরিরামপুর (৯৯%)] নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে এবং ৬৫টির [কুতুবদিয়া, রাজিবপুর, লোহাগড়া, শাল্লা, জামালগঞ্জ, রাজারহাট, দেবীগঞ্জ, থানচি, রুমা, জিয়ানগর, বিজয়নগর, তালতলি, সাথিয়া, গলাচিপা, শালিখা, দেবহাটা, পানছড়ি, ইটনা, পাকুন্দিয়া, হোসেনপুর, ধর্মপাশা, কেশবপুর, কালিয়া, দেলদুয়ার, কালকিনি, ভেদরগঞ্জ, কৃষি বিশ্ববিদ্যালয়-ময়মনসিংহ, রামপাল, কচুয়া, ফকিরহাট,সাপাহার, লৌহজং, অষ্টগ্রাম, সাটুরিয়া, চুনারুঘাট, দাকোপ, দৌলতপুর, আলফাডাঙ্গা, কালুখালী, কাশিয়ানি, নড়িয়া, গৌরীপুর ,আটোয়ারী, মুলাদী, লাখাই স্থল কাম নদী, বাহুবল, কবিরহাট, লংগদু স্থল কাম নদী, রাজস্থলী, বারইয়ারহাট, মেঘনা, মনোহরগঞ্জ, তাহিরপুর, দোয়ারাবাজার, বটিয়াঘাটা, টুঙ্গীবাড়ী, সিরাজদিখান, কোম্পানীগঞ্জ, বিশ্বনাথ, জুরী, সেনবাগ, কয়রা, কানাইঘাট, তেরখাদা, পল্লবী] নির্মাণ কাজ চলমান আছে। অবশিষ্ট ০৩টির [চিতলমারী, ভূরুঙ্গামারী, মুজিবনগর] টেন্ডার কাজ সম্পন্ন কিন্তু পূর্তকাজ শুরু হয়নি, ৬টি [খালিয়াজুরী স্থল কাম নদী, নানিয়ারচর স্থল কাম নদী, মানিকছড়ি, বাঘাইছড়ি স্থল কাম নদী, শ্যামনগর, পাগলা স্থল কাম নদী] টেন্ডারযোগ্য, ৩টির [তিতাস, মতলব (উ:), গোয়াইনঘাট] জমির মূল্য পরিশোধিত এবং বর্তমানে হস্তান্তর প্রক্রিয়াধীন, ২টির [মহালছড়ি স্থল কাম নদী, চৌহালী] জমি অধিগ্রহণে মামলা রয়েছে, ৫টির [দেবীদ্বার, ধামইরহাট, ব্রাম্মণপাড়া, নাইক্ষ্যাংছড়ি-বান্দরবান,আজমিরীগঞ্জ স্থল কাম নদী] জমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন আছে এবং ১টি [কার্টপুর] ১১ মডার্ণ প্রকল্পে স্থানান্তর করা হয়েছে।

০৪। প্রকল্প পরিচালক আরো অবহিত করেন যে, বর্তমানে এ প্রকল্পের আওতায় ৬৫টি স্টেশনের নির্মাণ কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ৩৪টি (৫-১০% অগ্রগতি ০১টি, ১১-৪০% অগ্রগতি ২১টি, ৪১-৬০% অগ্রগতি ১২টি) স্টেশনের অধিকাংশের নির্মাণ কাজ জুন/২০২০ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে না। জুন/২০২০ এর মধ্যে প্রকল্প সমাপ্ত করলে ২০টি ফায়ার স্টেশন স্থানান্তর করতে হবে। ০১ বছর সময় বৃদ্ধি করলে ২০টির মধ্য থেকে কম/বেশি ০৯টি ফায়ার স্টেশনের পূর্ত কাজ সম্পন্ন করা যাবে। প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধি করার পরেও যে সকল স্টেশনের জমি অধিগ্রহণসহ পূর্ত কাজ বাস্তবায়ন করা সম্ভব হবেনা সেগুলো চিহ্নিত করে চলমান অন্য প্রকল্পে স্থানান্তরপূর্বক ডিপিপি সংশোধন করা যেতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

০৫। এ বিষয়ে পরিকল্পনা কমিশনের প্রতিনিধিগণ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে নেয়ার জন্য প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২১ পর্যন্ত বৃদ্ধি করার পরামর্শ প্রদান করেন। প্রকল্পের কার্যক্রম সুনির্দিষ্টভাবে যাচাই-বাছাই করে ডিপিপি সংশোধনের বিষয়েও তারা পরামর্শ প্রদান করেন। যে সকল জেলায় জমি অধিগ্রহণের সমস্যা আছে সে সকল জেলার জমির বিষয়ে সংশ্লিষ্ট সকলের সাথে আলাপ আলোচনাসহ বিস্তারিত বিষয়ে সুনির্দিষ্ট ভাবে পরীক্ষাপূর্বক প্রকল্পের ২য় সংশোধনের প্রস্তাব প্রেরণের বিষয়েও সভায় মতামত ব্যক্ত করা হয়।

০৬। আইএমইডির প্রতিনিধি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি এবং সংশোধনের কারণ সুনির্দিষ্ট এবং বিস্তারিত ভাবে উল্লেখ করার অনুরোধ করেন।

০৭। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(৭.১) প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২১ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা করা;

(৭.২) প্রস্তাবিত বর্ধিত মেয়াদের মধ্যে যে সকল ফায়ার স্টেশনের কাজ সম্পন্ন করা সম্ভব হবে না সে গুলোর তালিকা প্রণয়নসহ যে সকল বিষয়/কম্পোনেন্ট সংশোধনযোগ্য সেগুলো ভালভাবে যাচাই-বাছাইপূর্বক প্রকল্পটির ২য় সংশোধনের কাজ জুন ২০২০ এর মধ্যে সম্পন্ন করা;

(৭.৩) যে সকল জেলায় ফায়ার স্টেশনের জমি অধিগ্রহণের বিষয়ে সমস্যা বিদ্যমান সে সকল জেলার সংশ্লিষ্ট সকলের সাথে আলাপ আলোচনা করে ডিপিপি সংশোধনের ব্যবস্থা করা;

(৭.৪) প্রকল্পের প্রস্তাবিত বর্ধিত মেয়াদ এর মধ্যে যে সকল স্টেশনের জমি অধিগ্রহণসহ পূর্ত কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে না সেগুলো চিহ্নিত করে চলমান অন্য প্রকল্পে স্থানান্তর করা;

(৭.৫) প্রকল্পের অনুকূলে ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় করা।

০৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৭/২০২০

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১

০৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের গুরুত্বপূর্ণ ১৫৬টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | ০১৭১২০৫৫৪৭১ | [স্বাক্ষর]<br>০৪ ফেব্রুয়ারি২০২০ |
| ২। | ব্রিঃ জেনারেল সাজ্জাদ | ফায়ার সার্ভিস | ০১৭৬০০০২৬২০ | |
| ৩। | মোঃ আতাউর রহমান<br>যুগ্মসচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01715008030 | [স্বাক্ষর] |
| ৪। | Lt Col Zulfiker<br>Dir (Dev, Plang, Trg) | FSCD | 0171314[illegible]70 | [স্বাক্ষর] |
| ৫। | বিশ্বজিৎ বড়ুয়া<br>নির্বাহী স্থপতি | DOA | 01772500800 | [স্বাক্ষর] |
| ৬। | মোঃ ইউসুফ মিয়া<br>উপ-প্রধান (পরিকল্পনা) | পরিঃ বিভাগ | 01754543826 | [স্বাক্ষর] 08/02/2020 |
| ৭। | মোঃ মাহমুদ সিদ্দিকী<br>উপ প্রধান, জিইডি | GED | 01755615270 | [স্বাক্ষর] |
| ৮। | কবির আহমেদ<br>[illegible] | [illegible] | | [স্বাক্ষর] |
| ৯। | মোঃ সাইফুর রহমান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>(ডিজাইন) | PWD. | 01711-130416 | [স্বাক্ষর] 08/2/20 |
| ১০। | স্বর্ণেন্দু শেখর মণ্ডল<br>নির্বাহী প্রকৌশলী | ঢাকা গণপূর্ত বিভাগ-৪ | 01716-518130 | [স্বাক্ষর] |
| ১১। | রেজওয়ানুর রহমান<br>উপপরিচালক | [illegible] | ০১৭১১৬৬১১০৮ | [স্বাক্ষর] |

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১২। | মো: রিজওয়ানুল হক [illegible] (প্রশাসন-সার্ভার) | [illegible] | 01720039681 | [signature] |
| ১৩। | মো: [illegible] রহমান [illegible] | [illegible] | 01794-113848 | [signature] 8/02/2026 |
| ১৪। | মো: নাজির<br>সহকারী প্রধান | [illegible] বিভাগ | 01552319526 | [signature] |
| ১৫। | মো: আনোয়ারুল মান্নান<br>যুগ্ম সচিব | অর্থ বিভাগ | 01711-970986 | [signature] |
| ১৬। | [illegible]<br>সিনি: সহ: প্রধান | [illegible] বিভাগ | 01717718716 | [signature] |
| ১৭। | শহীদ মোহাম্মদ [illegible]<br>[illegible] ([illegible]) | SSD, MOHA | 01727202762 | [signature] |
| ১৮। | | | | |
| ১৯। | | | | |
| ২০। | | | | |
| ২১। | | | | |
| ২২। | | | | |
| ২৩। | | | | |
| ২৪। | | | | |
| ২৫। | | | | |